[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ফেরদৌস (১৯) ও পলাশপাড়ার ওহি (১৯)।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, মেহেরপুর শহর থেকে চুয়াডাঙ্গাগামী দুটি প্রাইভেটকার প্রতিযোগিতা (রেসিং) করছিল। হঠাৎ আমঝুপি বাজারে একটি প্রাইভেটকার নিয়ন্ত্রণ হারিয়ে প্রথমে মার্সেল শোরুমের সাইনবোর্ডে ধাক্কা মারে, পরে লাইম কফি হাউজের দোকান ভেঙে পাশের বটগাছে সজোরে আঘাত হানে। এতে গাড়িটি দুমড়ে-মুচড়ে যায় এবং ভেতরে থাকা দুজন গুরুতর আহত হন।

দুর্ঘটনার পর অপর প্রাইভেটকারে থাকা যাত্রীরা আহতদের দ্রুত উদ্ধার করে নিয়ে যায়।

ঘটনাটি নিশ্চিত করে মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেজবাউদ্দিন আহমেদ বলেন, রাত গভীর হওয়ার কারণে ঘটনাস্থলে কাউকে পাওয়া যায়নি। গুরুতর আহত দুজনকে তাদের সঙ্গীরাই নিয়ে গেছে বলে জানা গেছে।
প্রাইভেটকারটি সম্পূর্ণ গুঁড়িয়ে গেছে এবং বর্তমানে এটি পুলিশ হেফাজতে রয়েছে। আশপাশের দোকানে থাকা সিসিটিভি ফুটেজ সংগ্রহ করা হচ্ছে। ফুটেজ পর্যালোচনা করে দায়ীদের শনাক্তের চেষ্টা চলছে।

আমঝুপিতে ইয়ুথ গ্রুপের ওরিয়েন্টেশন কর্মসূচি

“তরুণরাই পারে সমাজ বদলাতে” এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুরের আমঝুপিতে অনুষ্ঠিত হলো ইয়ুথ গ্রুপ ওরিয়েন্টেশন কর্মসূচি।

শনিবার (১৯ জুলাই) বিকাল ৩টায় গণসাক্ষরতা অভিযান ও মানব উন্নয়ন কেন্দ্রের আয়োজনে মানব উন্নয়ন কেন্দ্রের কার্যালয়ে এই কর্মসূচির উদ্বোধন করা হয়।

কর্মসূচির উদ্বোধনী বক্তব্য দেন মউক এর নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।
তিনি বলেন, দেশের ভবিষ্যৎ নেতৃত্ব গঠনে তরুণদের দায়িত্বশীল ও

সচেতন করে গড়ে তোলাই এই আয়োজনের মূল লক্ষ্য।

এসময় উপস্থিত ছিলেন স্থানীয় শিক্ষাবিদ, সমাজকর্মী এবং ওয়াচ গ্রুপের নেতৃবৃন্দ।

কর্মসূচির অন্যতম আকর্ষণ ছিল দলভিত্তিক কার্যক্রম। এতে অংশগ্রহণকারীরা নিজ নিজ এলাকার বিভিন্ন সমস্যা যেমন বাল্যবিবাহ, মাদকাসক্তি, শিক্ষার প্রতি অনাগ্রহ, বেকারত্ব ইত্যাদি চিহ্নিত করে, সেগুলোর বাস্তবসম্মত সমাধান প্রস্তাব উপস্থাপন করেন। এসব পরিকল্পনায় তরুণদের নিজস্ব নেতৃত্ব বিকাশ ও সমাজে ইতিবাচক পরিবর্তনে ভূমিকা রাখার ওপর গুরুত্বারোপ করা হয়।

সমাপনী বক্তব্যে মউক এর প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা বলেন, তরুণরা যেন কেবল দর্শক না থেকে সমাজের সক্রিয় কর্মী হয়ে ওঠে, সেটাই আমাদের মূল লক্ষ্য।

আমঝুপিতে মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত

সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে শনিবার সকাল ১০টায় আমঝুপির মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে “সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ” বিষয়ক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও গণসাক্ষরতা অভিযান যৌথভাবে এই কর্মসূচির আয়োজন করে। মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে আয়োজিত এ সভায় উপস্থিত ছিলেন কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি মোঃ ইসমাইল হোসেন, সাবেক পৌর কাউন্সিলর আব্দুর রহিম, এবং আমঝুপি ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোঃ সিরাজুল ইসলাম।

এছাড়া সভায় কমিটির অন্যান্য সদস্য, স্থানীয় শিক্ষক, ও সুশীল সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

সভায় মেহেরপুর জেলার, বিশেষ করে গ্রামীণ পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ, ঝরে পড়া রোধ, এবং প্রাথমিক শিক্ষায় স্বদায়বদ্ধতার ভিত্তিতে গণঅংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ গৃহীত ও বাস্তবায়িত বিভিন্ন উদ্যোগ, তাদের সার্বিক অগ্রগতি ও চ্যালেঞ্জ, এবং এসডিজি অর্জনে ভবিষ্যৎ করণীয় বিষয়ে তথ্য উপস্থাপন ও মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়।

সভায় কর্মরত ও অবসরপ্রাপ্ত শিক্ষকরা তাদের পেশাগত সীমাবদ্ধতা, সরকারি সুযোগ-সুবিধায় বৈষম্য এবং বাজেট বরাদ্দের অসামঞ্জস্যতা সম্পর্কে অভিযোগ করেন। তবে এ ক্ষেত্রে মউক-এর দীর্ঘ এক যুগ ধরে গুণগত শিক্ষা নিশ্চিতকরণে অবদানের বিষয়টি বিশেষভাবে তুলে ধরা হয়।

সাদ আহম্মেদের সঞ্চালনায় অনুষ্ঠিত এই ফলপ্রসূ আলোচনায় আরও উপস্থিত ছিলেন মউক-এর প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা, সহকারী প্রোগ্রাম অফিসার আশিক বিল্লাহ ও চাঁদতারা সূর্য।

আমঝুপি ইউনিয়নে এডিপি’র অর্থায়নে শিক্ষা ও কৃষি উপকরণ বিতরণ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন পরিষদের উদ্যোগে এবং এডিপি’র অর্থায়নে ২০২৪-২০২৫ অর্থবছরে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, ক্লাব ও কৃষকদের মাঝে বিভিন্ন উপকরণ বিতরণ করা হয়েছে।

গতকাল শনিবার সকালে ইউনিয়ন পরিষদ মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ খায়রুল ইসলাম। তিনি উপস্থিত থেকে ৩টি আলমিরা, ৪টি ফাইল কেবিনেট, ৪টি চেয়ার, ৪টি ক্রিকেট সেট, ৩০টি ফুটবল, ১১টি ভলিবল, প্রতিটি মাধ্যমিক বিদ্যালয়ের জন্য ফার্স্ট এইড বক্স ও স্যানিটারি ন্যাপকিন বিতরণ করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর সদর

উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ফয়জুল কবীর, ইউপি সদস্য তৌফিক এলাহী এবং আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ছাত্রী তাসনোভা।

এ সময় আরও উপস্থিত ছিলেন, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আহমদ আলী, বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন, ইউপি সদস্য হাফিজুর রহমান, আরিফ হোসেন, আব্দুল মজিদ, মকবুল হোসেন, আসাদুল হক পিন্টু, আব্দুল্লাহ, সালমা খাতুন, মেরিনা খাতুন এবং ইউনিয়নের প্রশাসনিক কর্মকর্তা মৌসুমী খাতুন ও হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর আসিফ ইকবাল।

আয়োজকরা জানান, এই উদ্যোগের মাধ্যমে শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম সহজতর হবে এবং খেলাধুলার মাধ্যমে তাদের শারীরিক ও মানসিক বিকাশ ঘটবে। একই সঙ্গে কৃষকদের মাঝে স্প্রে মেশিন বিতরণের মাধ্যমে কৃষি কাজে আরও গতিশীলতা আসবে বলে আশা করা হচ্ছে।

আমঝুপি ইউনিয়নের নবগঠিত ওয়ার্ড কমিটির মতবিনিময় ও আলোচনা সভা

আমঝুপি ইউনিয়ন নবগঠিত ওয়ার্ড কমিটির সুপারফাইভ বিএনপি সকল সদস্যদের সঙ্গে মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সকাল ১০ টার সময় আমঝুপি ইউনিয়ন বিএনপি’র নিজস্ব কার্যালয়ে অনুষ্ঠানের সভাপতিত্ব করেন আমঝুপি নবগঠিত ইউনিয়ন সভাপতি সাবেক প্রভাসক জাহির হোসেন চঞ্চল। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপি’র সদস্য ওমর ফারুক লিটন, মেহেরপুর জেলা জাসাসের সদস্য সচিব বাঁকা বিল্লাহ, জেলার সাবেক সাংগঠনিক সম্পাদক কাজী মিজানুর রহমান মেনন সহ আমঝুপি ইউনিয়নের সভাপতি সেক্রেটারি সহ সুপারফাইভ সকল সদস্যগণ উপস্থিত ছিলেন।

বিএনপি’র নেতাকর্মীরা বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনা করেন এবং আগামী দিনের রাষ্ট্রনায়ক ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে দেশ পুনর্গঠন হবে বলে আশা ব্যক্ত করেন বক্তারা ।

আমঝুপিতে মউকের উদ্যোগে মানববন্ধন ও র্যালি

মেহেরপুরের আমঝুপিতে “নির্যাতনের শিকার ব্যক্তিদের পুনর্বাসন, ন্যায়বিচার এবং ক্ষতিপূরণ” শীর্ষক এক মানববন্ধন ও র্যালি অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (২৬ জুন) সকাল ১০টায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর প্রধান কার্যালয়ের সামনে এই কর্মসূচি পালিত হয়।

আন্তর্জাতিক নির্যাতনের শিকার ব্যক্তিদের পুনর্বাসন কাউন্সিলের পরামর্শে এবং ঢাকাস্থ বাংলাদেশ মানবাধিকার সুরক্ষা কমিটি-২ ও মানবাধিকার উন্নয়ন কেন্দ্রের কারিগরি সহায়তায় ও প্রত্যক্ষ উদ্যোগে এবং মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) আয়োজনে এই কর্মসূচি বাস্তবায়ন করা হয়।

এই কর্মসূচির মূল উদ্দেশ্য ছিল পারিবারিক, সামাজিক, রাজনৈতিক ও প্রশাসনিক কারণে নির্যাতনের শিকার ব্যক্তিদের প্রতি সহানুভূতি প্রকাশ এবং তাদের পুনর্বাসন, ন্যায়বিচার ও ক্ষতিপূরণ পাওয়ার অধিকার সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি করা।

বক্তারা বলেন, মতের অমিল, ভিন্ন মতাদর্শ, রাজনৈতিক বিরোধিতা কিংবা স্বৈরাচারী মানসিকতার ব্যক্তি, রাজনৈতিক প্রতিপক্ষ বা অতীতে কিছু উচ্চাকাঙ্ক্ষী আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের দ্বারা অনেকেই সামাজিক, মানসিক ও শারীরিক নির্যাতনের শিকার হয়েছেন। চাঁদাবাজি, হুমকি, অপহরণ, গুম ও হত্যার মতো ঘটনা ঘটেছে, যার প্রভাব ভুক্তভোগী ছাড়াও তার পরিবারের উপরও পড়ে।

মানবাধিকারকর্মী মোছা. ফাহিমা আক্তারের নেতৃত্বে আয়োজিত এই মানববন্ধন ও র্যালিতে মেহেরপুরের সুশীল সমাজের প্রতিনিধি, নির্যাতনের শিকার ব্যক্তিদের কাউন্সেলিংয়ে নিয়োজিত সমাজকর্মী এবং মউকের বিভিন্ন পর্যায়ের কর্মীবৃন্দসহ প্রায় অর্ধশতাধিক মানুষ অংশগ্রহণ করেন।

আমঝুপিতে সামাজিক দায়বদ্ধতা ও শিক্ষার মানোন্নয়নে মতবিনিময় সভা

মেহেরপুরের আমঝুপিতে সামাজিক দায়বদ্ধতা ও শিক্ষার মানোন্নয়নে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (২১ জুন) সকাল ১০টায় আমঝুপি ইউনিয়ন পরিষদের হলরুমে সামাজিক নিরীক্ষা বিষয়ক কমিটির সঙ্গে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের এই মতবিনিময় সভার আয়োজন করে মানব উন্নয়ন কেন্দ্র (মউক)। এতে সহযোগিতা করে গণসাক্ষরতা অভিযান।

সভায় সভাপতিত্ব করেন মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক মোছাঃ নাসিমা খাতুন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আমঝুপি ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মো. সিরাজুল ইসলাম।

সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ কাজল রেখা। তিনি বিগত এক বছরের সার্বিক কার্যক্রম, অগ্রগতি, অর্জন এবং চ্যালেঞ্জ তুলে ধরেন। পাশাপাশি শিক্ষার্থীদের পাঠগ্রহণে আগ্রহ সৃষ্টি, ঝরে পড়া রোধ, শিক্ষক-অভিভাবক সমন্বয় এবং বিদ্যালয়ের পরিবেশ উন্নয়নের দিকগুলো গুরুত্ব দিয়ে উপস্থাপন করেন।

ওয়াচ গ্রুপের সদস্য ও সমাজসেবক আব্দুর রকিব, মো. আক্তার হোসেন এবং প্রধান শিক্ষক মো. কিতাব আলী আলোচনা পর্বে অংশ নিয়ে বিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়ন, টয়লেট ও সুপেয় পানির ব্যবস্থা,

পাঠদানের আধুনিকায়ন এবং অভিভাবক সচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন।

প্রধান অতিথির বক্তব্যে মোছাঃ নাসিমা খাতুন বলেন, “শিক্ষা ও সামাজিক দায়বদ্ধতা উন্নয়নে সবার অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। তৃণমূল পর্যায়ে সামাজিক নিরীক্ষা কার্যক্রম স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে কার্যকর ভূমিকা রাখে।”

সভা শেষে অংশগ্রহণকারীদের মতামতের ভিত্তিতে আগামী দিনের করণীয় নির্ধারণে কিছু গুরুত্বপূর্ণ সুপারিশমালা তৈরি করা হয়।

মেহেরপুরে মেজভাইয়ের আঘাতে ছোটভাইয়ের মৃত্যুর অভিযোগ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি দক্ষিণপাড়ায় মেজভাইয়ের বিরুদ্ধে ছোটভাইকে হত্যার অভিযোগ উঠেছে।

আজ রবিবার সকাল সাড়ে ৭টার দিকে রাজশাহী মেডিক্যাল কলেজে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ছোট ভাই বাপ্পির মৃত্যু হয়েছে। এর আগে শনিবার বিকালে মেজ ভাই কালু ধান তোলা লোহার হাতা দিয়ে ছোট ভাই বাপ্পিকে আঘাত করলে সে মাথায় আঘাতপ্রাপ্ত হয়।

এদিকে, বাপ্পির মৃত্যুর খবর এলাকায় পৌছালে তার মেজভাই কালু আত্মগোপনে চলে যায়।

স্থানীয়রা জানান, আমঝুপি দক্ষিণপাড়ার হিসাব আলীর ছোট ছেলে বাপ্পি পারিবারিক কলহের জের ধরে তার মাকে একটি থাপ্পড় দেয়। এ খবর পেয়ে মেজছেলে কালু শনিবার বিকালে বাপ্পির সাথে বাগবিতণ্ডায় লিপ্ত হয় এবং এক পর্যায়ে ধান তোলা লোহার হাতা দিয়ে বাপ্পিকে আঘাত করে। এতে বাপ্পির মাথায় আঘাত প্রাপ্ত হয় । তাকে উদ্ধার করে স্থানীয় একটি ক্লিনিকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। চিকিৎসক তাকে বিশ্রামে থাকার পরামর্শ দেন। বাড়ি ফিরে সে আবার তার ভাইয়ের সাথে বাগবিতণ্ডায় লিপ্ত হলে সে ব্রেইন স্ট্রোক করে। তাকে উদ্ধার করে

রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে নেওয়া হয়। পরদিন রবিবার সকাল সাড়ে ৭টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

এদিকে, তার মৃত্যুর খবর পেয়ে বাপ্পির শ্বশুর রবিউল ইসলাম বাদী হয়ে থানায় একটি অভিযোগ দায়ের করে। অভিযোগের প্রেক্ষিতে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতাল থেকে লাশের ময়নাতদন্ত শেষ করে পরিবারের কাছে হস্তান্তর করলে তারা মেহেরপুরের উদ্দ্যেশে রাজশাহী ত্যাগ করেন। এ রিপোর্ট লেখা পর্যন্ত বিকাল সোয়া ৫টার সময় লাশ আমঝুপি পৌছায়নি বলে জানা গেছে।

তবে, মেহেরপুর সদর থানার ওসির সরকারি মোবাইল নম্বরে ফোন করা হলে তিনি ফোন রিসিভ করেননি।

মেহেরপুরের আমঝুপিতে প্রান্তিক জনগোষ্ঠীর অ্যাডভোকেসি সভা

“দলিত সম্প্রদায়সহ প্রান্তিক জনগোষ্ঠীর জন্য মানবাধিকার সুরক্ষা সম্প্রসারণ” প্রকল্পের আওতায় “দলিত সম্প্রদায়সহ প্রান্তিক জনগোষ্ঠীর প্রয়োজনীয়তা অনুধাবন” শীর্ষক কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুরের আমঝুপিতে স্থানীয় সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সঙ্গে এক অ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত হয়।

তাইওয়ান ফাউন্ডেশন ফর ডেমোক্রেসির আর্থিক সহায়তায় এবং মানব উন্নয়ন কেন্দ্র (মউক)-এর যৌথ উদ্যোগে আয়োজিত এই সভার সভাপতিত্ব করেন মউকের নির্বাহী কর্মকর্তা। এতে আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলার সুধীসমাজের বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং বারাদি দাসপাড়া, আমঝুপি হালদারপাড়া, চাঁদবিল হালদারপাড়া, আমঝুপি, কোলা ও খোকসা গ্রামের ৩০ জনের বেশি সুবিধাভোগী নারী।

সভায় কর্মসূচির লক্ষ্য ও উদ্দেশ্য উপস্থাপন করে মউকের নির্বাহী বলেন, মেহেরপুরের দলিত ও প্রান্তিক জনগোষ্ঠী এখনো নানাভাবে